EYE CARE PROGRAM
Manabik Shahajya Sangstha
আই কেয়ার প্রোগ্রাম

# ইসিপি বার্তা

## এক নজরে আই কেয়ার প্রোগ্রাম

| | আগস্ট ২০২৫ | সর্বমোট (জুলাই ২০১৪ - আগস্ট ২০২৫) |
|---|---|---|
| চক্ষু শিবির | ৫ | ৪৯৩ |
| চক্ষু পরীক্ষা | ১০৯৫ | ২২৫৮৯২ |
| চশমা বিতরণ | ১৮৭ | ৪৫৪৯৭ |
| ঔষধ বিতরণ | ১৩ | ৯৮৪৬ |
| ছানি অপারেশন | ১৮২ | ২১৮৪৭ |





## উত্তরবঙ্গে ১,০৯৫ জন দরিদ্র রোগীকে বিনামূল্যে চক্ষুসেবা প্রদান

আই কেয়ার প্রোগ্রামের উদ্যোগে আগস্ট মাসব্যাপী সর্বমোট ১,০৯৫ জন রোগীর বিনামূল্যে চক্ষু পরীক্ষা করা হয়েছে বিভিন্ন আই ক্যাম্পে। আই ক্যাম্পগুলো অনুষ্ঠিত হয়েছে বীরগঞ্জের ভোগনগর, মোহনপুর ইউনিয়ন পরিষদ, কিশোরগঞ্জের চাঁদখানা ইউনিয়ন পরিষদ, ঠাকুরগাঁও সদর উপজেলার সুখানপুকুরি ইউনিয়ন পরিষদ। এই ক্যাম্পগুলোর মাধ্যমে ১৮২ জন রোগীর ছানি অপারেশন সফলভাবে সম্পন্ন করা হয়েছে। এই চক্ষুসেবা কার্যক্রমের পাশাপাশি, সেবাপ্রার্থীদের ও শিক্ষার্থীদের চোখের সুরক্ষা ও যত্ন নেওয়ার বিষয়ে বিস্তারিত নির্দেশনা ও পরামর্শ দেওয়া হয়। সেবাপ্রার্থীরা বিশেষভাবে প্রশংসা করেন যে, তারা বিনামূল্যে চোখের সেবা, ঔষধ এবং চশমা পেয়েছেন এবং কর্মীদের আন্তরিকতা তারা সন্তুষ্ট। সার্বিক সহায়তায় আই কেয়ার প্রোগ্রামের সহযোগী হিসেবে রংপুর হাসপাতাল ও সেফ হাসপাতাল উল্লেখযোগ্য ভূমিকা পালন করে।

আই কেয়ার প্রোগ্রামের সেবাপ্রার্থী রমিজন বলেন, "আমরা এক পয়সাও খরচ না করে চোখের সেবা, ঔষধ এবং চশমা পেয়েছি। সবাই অত্যন্ত আন্তরিক ছিলেন। আমাদের এলাকার মানুষরা ইসিপির মাধ্যমে বিনামূল্যে চক্ষুসেবা পেয়ে খুবই খুশি। আমরা ইসিপি এবং তাদের অর্থদাতাদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছি।"

## স্কুল সাইট টেস্টিং প্রোগ্রাম (এসএসটিপি) এর - চশমা বিতরণ কার্যক্রম

ইসিপি স্কুল সাইট টেস্টিং প্রোগ্রামের আওতায় জুলাই মাসে ঢাকার মোহাম্মদপুর ও বসিলা এলাকার ৯টি প্রাইমারি স্কুলে চক্ষু পরীক্ষা পরিচালনা করা হয়। এই প্রোগ্রামের মাধ্যমে ২৪৩টি চশমা সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের আগস্ট মাসে বিতরণ করা হয়েছে। উক্ত কার্যক্রমে থানা শিক্ষা অফিসার উপস্থিত ছিলেন। প্রতিটি স্কুলের প্রধান শিক্ষকেরা এই উদ্যোগের প্রশংসা এবং কৃতজ্ঞতা প্রকাশ করেন। তাঁরা জানান, "শিক্ষার্থীদের চোখের সেবায় এমন উদ্যোগ অত্যন্ত প্রশংসনীয়। যদি প্রতি বছর এই ধরনের কার্যক্রম পরিচালনা করা হয়, তবে শিক্ষার্থীরা অনেক উপকৃত হবে।" এছাড়া শিক্ষার্থীরা আনন্দের সাথে চক্ষু পরীক্ষায় অংশগ্রহণ করে এবং নিজেদের দৃষ্টি সমস্যা সম্পর্কে সচেতন হয়। অভিভাবকগণও সন্তুষ্টি প্রকাশ করে জানান, এই ধরনের কার্যক্রম শিশুদের শিক্ষাজীবনকে ইতিবাচকভাবে প্রভাবিত করবে।





## বসিলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের বিনামূল্যে চক্ষুসেবা

গত ৩রা আগস্ট ২০২৫ তারিখে, এমএসএস আই কেয়ার প্রোগ্রাম (ইসিপি) এর পৃষ্ঠপোষকতায় দুস্থ এবং সুবিধাবঞ্চিত স্কুলগামী শিক্ষার্থীদের জন্য একটি স্কুল সাইট টেস্টিং প্রোগ্রাম এর আয়োজন করা হয়। উক্ত কর্মসূচী অনুষ্ঠিত হয় বসিলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে। সুবিধাবঞ্চিত শিশুদের মাঝে নিরাময়যোগ্য অন্ধত্ব দূরীকরণের লক্ষ্যে ১৮০ জন শিক্ষার্থীদের বিনামূল্যে চক্ষু পরীক্ষা করা হয়, যেখানে শিক্ষার্থীদের দৃষ্টির সমস্যা শনাক্ত করে প্রয়োজন অনুযায়ী চশমা ও ঔষধ প্রদান করা হয়েছে। এই প্রোগ্রামের মাধ্যমে শিক্ষার্থীরা তাদের দৃষ্টি সমস্যা সম্পর্কে সচেতন হতে পেরেছে এবং ভবিষ্যতে তাদের পড়াশোনা ও দৈনন্দিন জীবন আরও ভালোভাবে পরিচালনা করতে সহায়তা করবে। স্কুলের প্রধান শিক্ষক এবং শিক্ষার্থীদের অভিভাবকরা এই উদ্যোগকে অত্যন্ত প্রশংসনীয় বলে উল্লেখ করেছেন।

MSS
Working for the People
প্রকাশনায়ঃ মিডিয়া অ্যান্ড পাবলিক অ্যাফেয়ার্স ইউনিট- মানবিক সাহায্য সংস্থা
মোবাইলঃ ০১৭৩০০২৪০৩৩ ইমেইলঃ eyecareprogram.mss@gmail.com
Eye Care Program-MSS www.mssbd.org/our-program/eye-care-program Eye Care Program MSS